

তারিখ : 22/06/2017

## রিজার্ভ ব্যাঙ্ক তদারকি কমিটির সদস্যদের নাম ঘোষণা করল

মে 22, 2017 তারিখের রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক জারিকৃত প্রেস প্রকাশনি যেখানে ব্যাঙ্কিং রেগুলেশন (অ্যামেন্ডমেন্ট) অর্ডিন্যান্স, 2017-এর প্রসারের দিশা অনুসরণ সংক্রান্ত গৃহীত পদক্ষেপ এবং যেসকল পদক্ষেপ নিকট ভবিষ্যতে গ্রহণ করার মত অবস্থায় আছে সেগুলির রূপরেখা বিধৃত আছে সেখানে অন্যান্য বিষয়ের মধ্যে বর্ধিত পরিসরে কার্য নির্দেশ সহ তদারকি কমিটি (ওসি) পুনর্গঠনের উল্লেখ করা হয়েছে।

রিজার্ভ ব্যাঙ্ক তখন থেকে ওসি-কে নিজ ছত্রছায়ায় অধীনে এনেছে। এখনকার মত ওসি-তে চেয়ারম্যান সহ পাঁচজন সদস্য থাকবে, ও প্রয়োজন অনুসারে একাধিক বেঞ্চে কাজ করবে এবং এই ওসি গঠিত হবে চেয়ারম্যানের দ্বারা এটির কাছে পাঠানো মামলাগুলিতে মতামত প্রদানের লক্ষ্যে ওসি-র বিন্যাসটি নিম্নে প্রদত্ত হল:

- i. শ্রী প্রদীপ কুমার (চেয়ারম্যান)
- ii. শ্রী জানকী বল্লভ
- iii. শ্রী এম.বি.এন. রাও
- iv. শ্রী ওয়াই. এম. দেওস্বামী
- v. শ্রী এস. রমন (সেপ্টেম্বর 7, 2017 থেকে কার্যকর)

অনুৎপাদন-প্রবন সম্পদের স্থায়ী পুনর্গঠন যোজনা (S4A) -র অধীনস্থ মামলাসমূহের পাশাপাশি সেইসকল অন্যান্য মামলার সিদ্ধান্তগুলির বিষয়ে পুনর্গঠিত ওসি পর্যালোচনা সংক্রান্ত বর্ধিত পরিসরে কার্য নির্দেশের অধীনে ক্রিয়াশীল হবে, যে মামলাগুলির ক্ষেত্রে ঋণগ্রহীতার কাছে ব্যাঙ্কিং সেক্টরের উন্মোচিত রাশির পরিমাণ ₹ 500 কোটির অধিক হবে।

চিহ্নিত অনুৎপাদন-প্রবন সম্পদগুলির সম্বন্ধে ছয় মাসের মধ্যে সিদ্ধান্তগ্রহণের জন্য ব্যাঙ্কগুলিকে উপরোক্ত পরিবর্তন এবং প্রক্রিয়া সম্বন্ধীয় অন্যান্য বিশদ তথ্যজ্ঞাপন করে পৃথকভাবে সারকুলার জারি করতে চলেছে।

জোশ জে. কাটুর  
মুখ্য মহা প্রবন্ধক

প্রেস প্রকাশনি: 2016-2017/3454